# গাজী মেডিকেল কলেজ

এ ১৯-২১, মজিদ স্মরনী, সোনাডাঙ্গা, খুলনা।

## ৩৯ তম গভর্নিং বডির সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | ঃ জনাব ডাঃ গাজী মিজানুর রহমান |
| সদস্য সচিব | ঃ জনাব ডাঃ বঙ্গ কমল বসু |
| ভেন্যু | ঃ কনফারেন্স রুম, গাজী মেডিকেল কলেজ হাসপাতাল, সোনাডাঙ্গা, খুলনা |
| তারিখ | ঃ ১৯ ডিসেম্বর ২০১৯, বেলা ১২.০০ টা |

অদ্যকার সভায় সভাপতিত্ব করেন গাজী মেডিকেল কলেজের সম্মানিত চেয়ারম্যান এবং গভর্নিং বডির সভাপতি জনাব ডাঃ গাজী মিজানুর রহমান। আরো উপস্থিত ছিলেন রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য মহোদয় কর্তৃক অনুমোদিত গভর্নিং বডির স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রলয়ের স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের উপসচিব মোঃ মনিরুজ্জামান বকাইল এবং স্বাস্থ্য অধিদপ্তরের চিকিৎসা শিক্ষা ও স্বাস্থ্য জনশক্তি উন্নয়ন এর পরিচালক মহোদয়ের পক্ষে প্রেরিত প্রতিনিধি জনাব ডাঃ মোঃ মাসুদুর রহমান, সহকারি পরিচালক (চিকিৎসা শিক্ষা)। সভাপতি মহোদয় মহান মুক্তিযুদ্ধের সকল শহীদ এবং জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের প্রতি বিশেষ শ্রদ্ধা জানিয়ে আজকের সভার কার্যক্রম শুরু করেন।

**সভার আলোচ্যসূচী ও গৃহীত সিদ্ধান্তসমূহ ঃ**

**১। পূর্ববর্তী সভার রেজুলেশন পাঠ ও অনুমোদন।**

সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে মেডিকেল কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ ডাঃ বঙ্গ কমল বসু বিগত ৩৮ তম সভার রেজুলেশন পাঠ করেন এবং কোন পরিবর্তন ছাড়াই পূর্ববর্তী সভার রেজুলেশন অনুমোদন দেয়া হয়।

**২। গাজী মেডিকেল কলেজে ২০১৯-২০ শিক্ষাবর্ষের এমবিবিএস কোর্সের সামগ্রিক ভর্তি সম্পর্কিত**

- বিগত ০৩/১১/২০১৯ ইং তারিখে বেসরকারী মেডিকেল কলেজ সমূহে এমবিবিএস কোর্সে ভর্তির জন্য ভর্তি বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়।

| ক্র. | বিবরণী | সময় |
|---|---|---|
| ০১ | ভর্তি বিজ্ঞপ্তি প্রকাশ | ০৭-১১-২০১৯ হতে। |
| ০২ | আবেদন পত্র বিতরণ শুরু | ১৩-১১-২০১৯ হতে। |
| ০৩ | আবেদন পত্র জমা নেওয়ার শেষ তারিখ | ২৪-১১-২০১৯ পর্যন্ত। |
| ০৪ | প্রাপ্ত সকল আবেদনের কোটাভিত্তিক পূর্ণাঙ্গ তালিকা (Merit A-Z) প্রকাশ | ২৭-১১-২০১৯ হতে। |
| ০৫ | ছাত্র-ছাত্রী ভর্তি প্রক্রিয়া শুরু | ০১-১২-২০১৯ হতে। |
| ০৬ | ছাত্র-ছাত্রী ভর্তি প্রক্রিয়ার শেষ তারিখ | ১৫-১২-২০১৯ পর্যন্ত। |
| ০৭ | খালি আসন পূরণের জন্য অপেক্ষমান তালিকা হতে মেধাক্রম অনুসরন করে ভর্তি প্রক্রিয়ার শেষ তারিখ | ৩১-১২-২০১৯ পর্যন্ত। |
| ০৮ | ক্লাস শুরু | জানুয়ারী ১০, ২০২০। |

- অত্র কলেজে ২০১৯-২০ শিক্ষাবর্ষে এমবিবিএস কোর্সে ছাত্র-ছাত্রী ভর্তির জন্য ভর্তি কমিটির অত্র কলেজের ০৪ জনের (আহবায়ক-১ জন এবং শিক্ষক প্রতিনিধি- ৩ জন) নাম উল্লেখ করে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ০২ জন প্রতিনিধি মনোনয়ন ও ভর্তি কমিটির অনুমোদনের জন্য ০৪/১১/২০১৯ ইং তারিখে রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয়ে পত্র প্রেরণ করা হয় এবং গত ০৭/১১/২০১৯ ইং তারিখে রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয় হতে অধ্যক্ষ, খুলনা মেডিকেল

কলেজ ও অধ্যক্ষ, যশোর মেডিকেল কলেজ -কে অত্র কলেজের ভর্তি কমিটিতে বিশ্ববিদ্যালয় প্রতিনিধি হিসাবে মনোনয়ন প্রদান করা হয়।

- প্রকাশিত ভর্তি বিজ্ঞপ্তি অনুসারে নির্ধারিত সময়ে ভর্তি সম্পর্কিত কার্যক্রম শুরুর জন্য গত ০৬/১১/২০১৯ ইং তারিখে ভর্তি কমিটির ১ম সভা করা হয়।
- ০৮/১১/২০১৯ ইং তারিখে ০২ টি বাংলা দৈনিক পত্রিকায় (প্রথম আলো ও সময়ের খবর) ও ১ টি ইংরেজী দৈনিক পত্রিকায় (The Daily Tribune), কলেজের ওয়েবসাইটে এবং নোটিশ বোর্ডে অত্র কলেজের ভর্তি বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়।
- ১৩/১১/২০১৯ ইং হতে ২৪/১১/২০১৯ ইং তারিখ পর্যন্ত আবেদন পত্র বিতরণ করা হয় ও আবেদন পত্র জমা নেয়া হয়।
- প্রাপ্ত সকল আবেদনের কোটাভিত্তিক পূর্ণাঙ্গ তালিকা (Merit A-Z) প্রকাশের লক্ষ্যে ২৭/১১/২০১৯ ইং তারিখে ভর্তি কমিটির ২য় সভা করা হয় এবং কোটাভিত্তিক পূর্ণাঙ্গ তালিকা (Merit A-Z) প্রকাশ করা হয় এবং পরিচালক (চিকিৎসা শিক্ষা) মহোদয়ের ভর্তি নির্দেশনা মোতাবেক ঐ মোতাবেক প্রেরণ করা হয়। অত্র কলেজে সাধারণ কোটায় ৯৬ টি এবং অস্বচ্ছল ও মেধাবী কোটায় ২৯ টি আবেদন পত্র জমা পড়ে।
- অত্র কলেজে ভর্তির জন্য অনুমোদিত আসন সংখ্যা ১০০। যার মধ্যে দেশী আসন সংখ্যা - ৫০ টি (সাধারণ কোটা - ৪৫ টি এবং অস্বচ্ছল ও মেধাবী কোটা ৫% হিসাবে - ৫ টি) এবং বিদেশী আসন সংখ্যা - ৫০ টি।
- ৩০/১১/২০১৯ ইং তারিখে সাধারণ কোটায় ভর্তির জন্য মেধাক্রম অনুসারে ৪৫ জনের তালিকা প্রকাশ করা হয় এবং ০১/১২/২০১৯ ইং তারিখ হতে ১৫/১২/২০১৯ ইং তারিখের মধ্যে ভর্তির জন্য নির্দেশনা প্রদান করা হয়। উক্ত তালিকা হতে নির্ধারিত সময়ে ৩০ জন ভর্তির পর ১৫ টি আসন শূন্য থাকায় গত ১৫/১২/২০১৯ ইং তারিখে ভর্তি কমিটির ৩য় সভার মাধ্যমে মেধাক্রম অনুসারে পরবর্তী ১৫ জনের ১ম অপেক্ষমান তালিকা প্রকাশ করা হয়। আগামী ২২/১২/২০১৯ ইং তারিখ পর্যন্ত উক্ত তালিকা হতে ভর্তি হওয়া যাবে এবং নির্ধারিত সময়ের পর আসন শূন্য থাকলে ২য় অপেক্ষমান তালিকা প্রকাশ করা হবে। দেশী ছাত্র-ছাত্রীদের ভর্তি কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করা হবে।
- অত্র কলেজে বিদেশী কোটায় ভর্তির জন্য বিদেশী ছাত্র-ছাত্রী যথাযথ প্রক্রিয়ার মাধ্যমে আবেদন করেছে এবং অবশিষ্ট বিদেশী ছাত্র-ছাত্রীরা নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করবে। তবে বিদেশী কোটা খালি থাকা স্বাপেক্ষে অপেক্ষমান তালিকা থেকে দেশী ছাত্র-ছাত্রী ভর্তি করা হবে।
- অস্বচ্ছল ও মেধাবী কোটায় ছাত্র-ছাত্রী ভর্তির জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, স্বাস্থ্য অধিদপ্তর ও রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধিগণের উপস্থিতিতে গভর্নিং বডির অদ্যকার সভায় আবেদনকৃত ছাত্র-ছাত্রী এবং তাদের অভিভাবকগণের সাক্ষাৎকার গ্রহন এবং সকল কাগজপত্রাদি যাচাই-বাছাই সাপেক্ষে সিদ্ধান্ত গ্রহন করা হয়। ইতিমধ্যে অস্বচ্ছল ও মেধাবী কোটায় আবেদনকৃত ছাত্র-ছাত্রীদের অস্বচ্ছলতা নিরূপনের জন্য সরেজমিনে তাদের বাড়ী পরিদর্শন (Home Visit) করে রিপোর্ট তৈরী করা হয়েছে যা আবেদনকৃতদের প্রত্যেকের আবেদনপত্রের সাথে সংযুক্ত করা আছে।
- গভর্নিং বডির অদ্যকার সভায় গৃহীত সিদ্ধান্ত অনুসারে অত্র কলেজে ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে এমবিবিএস কোর্সে অস্বচ্ছল ও মেধাবী কোটায় আবেদনকৃত ছাত্র-ছাত্রীদের মধ্যে উপস্থিত ২৪ (চব্বিশ) জন ছাত্র-ছাত্রী ও তাদের অভিভাবকদের সাক্ষাৎকার গ্রহনের মাধ্যমে নিম্নে উল্লেখিত ছাত্র-ছাত্রীদের মেধা ও অর্থনৈতিক অস্বচ্ছলতার মানের ভিত্তিতে অস্বচ্ছল ও মেধাবী কোটায় ভর্তির জন্য নির্বাচিত করা হয়েছে।

  **মেধা তালিকাঃ** ২১০১১১, ২১২৬৯৬, ২১৩৪৭২, ২১০০১৩, ২১০৬০৪ = ০৫ জন।
  **অপেক্ষমান তালিকা** ঃ ২১১৯২১, ২১৩১০৬ = ০২ জন।

**বি.দ্র.ঃ** প্রদত্ত রোল নম্বর ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে মেডিকেল ভর্তি পরীক্ষার রোল নম্বর। আগামী ২৩/১২/২০১৯ ইং তারিখ সোমবারের মধ্যে সরকার নির্ধারিত বেসরকারী মেডিকেল কলেজ ভর্তি নীতিমালা অনুযায়ী প্রযোজ্য শর্তাবলী পূরণ করা সাপেক্ষে ভর্তি হওয়া যাবে। আসন শূন্য থাকা সাপেক্ষে আগামী ২৪/১২/২০১৯ ইং তারিখ থেকে ৩১/১২/২০১৯ ইং তারিখ পর্যন্ত অপেক্ষমান তালিকা হতে ভর্তি হওয়া যাবে।

- ভর্তি বিজ্ঞপ্তি অনুসারে ক্লাস শুরুর তারিখ - আগামী ১০/০১/২০২০ ইং, শুক্রবার। তবে শুক্রবার সাপ্তাহিক ছুটি হওয়ায় এই তারিখ বহাল থাকবে কিনা সে বিষয়ে স্বাস্থ্য অধিদপ্তরের প্রতিনিধি ডাঃ মাসুদুর রহমান মতামত আশা করছি।

৩। **বিবিধ**

- বিদেশী ছাত্র-ছাত্রী ভর্তির সময় দেশী ছাত্র-ছাত্রী ভর্তির আগে শেষ করলে বিদেশী কোটার শূণ্য আসনে দেশী ছাত্র-ছাত্রী ভর্তির নেয়ার সুযোগ পাওয়া যায়। এ বিষয়ে স্বাস্থ্য মন্ত্রণালয়ের এবং স্বাস্থ্য অধিদপ্তরের প্রতিনিধির দৃষ্টি আকর্ষণ করা হয়। উল্লেখ থাকে যে, বিদেশী ছাত্র-ছাত্রীদের ভর্তির সময় এপ্রিলে শুরু করার বিষয়েও তাদের দৃষ্টি আকর্ষণ করা হয়।
- বিদেশী ছাত্র-ছাত্রীদের বাংলাদেশে ভর্তির যোগ্যতা ভারতের নিট (ঘঊঊঞ) পরীক্ষার পাশের ভিত্তিতে নেয়ার সুপারিশ করা হয়।

ডাঃ বঙ্গ কমল বসু
সদস্য সচিব, গভর্নিং বডি এবং
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), গাজী মেডিকেল কলেজ

সকল সম্মানিত সদস্যবৃন্দের অবগতির জন্য রেজুলেশনের অনুলিপি প্রদান করা হলো।

ডাঃ বঙ্গ কমল বসু
সদস্য সচিব, গভর্নিং বডি এবং
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), গাজী মেডিকেল কলেজ

**গভর্নিং বডির উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দের নাম ও পদবী  নিম্নরুপ ঃ**

| **ক্র.নং** | **নাম** | **পদবী** |
|---|---|---|
| ১ | জনাব ডাঃ গাজী  মিজানুর রহমান | সভাপতি |
| ২ | জনাব ডাঃ বঙ্গ কমল বসু | সদস্য সচিব |
| ৩ | জনাব অধ্যাপক ডাঃ মোঃ আব্দুল আহাদ | বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধি |
| ৪ | জনাব মোঃ মনিরুজ্জামান বকাইল, উপসচিব | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালযের প্রতিনিধি |
| ৫ | জনাব ডাঃ মোঃ মাসুদুর রহমান, সহকারি পরিচালক | স্বাস্থ্য অধিদপ্তরের প্রতিনিধি |
| ৬ | জনাব অধ্যাপক ডাঃ মোঃ আবুল হাসান | শিক্ষক প্রতিনিধি |
| ৭ | জনাব ডাঃ রমেন্দ্র নাথ বিশ্বাস | শিক্ষক প্রতিনিধি |
| ৮ | জনাব মিসেস তানিয়া রহমান | দাতা ও প্রতিষ্ঠাতা সদস্য |
| ৯ | জনাব জাকিয়া সুলতানা | অভিভাবক প্রতিনিধি |
| ১০ | জনাব অধ্যাপক ডাঃ ইয়াছিন আলী গাজী | বিদ্যোৎসাহী প্রতিনিধি |
| ১১ | জনাব ডাঃ কাজী মুজাহিদুল ইসলাম | বিদ্যোৎসাহী প্রতিনিধি |